

স্মারক নং-০৫.২০.২২০০.১০৮.০২.০০৭.২৩-৪৯৭

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

আপনি জনাব সুমিত্রা পাল, উপ-প্রশাসনিক কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কক্সবাজার সদর বিগত ১৭.১২.২০২৩ খ্রি. তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর কর্তৃক অভিযোগ দাখিল করা হয়েছে। তৎপ্রেক্ষিতে আপনাকে কারণ দর্শানোর জবাব দাখিলের জন্য জেলা প্রশাসকের কার্যালয়ের সংস্থাপন শাখার স্মারক নং- ০৫.২০.২২০০.১০৮.০২.০০৭.২৩-৩১১, তারিখ : ৩০ এপ্রিল, ২০২৪ খ্রি. মূলে ডাকযোগে ও বার্তাবাহক মারফত আপনার স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করলেও আপনি স্বয়ং তা গ্রহণ করেন নি এবং জবাবও দাখিল করেন নি।

যেহেতু, সরকারি কর্মচারী হিসেবে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় কর্মস্থলে অনুপস্থিত থাকা 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর ২(খ) ও (চ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' এবং 'পলায়ন (Desertion)' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ ;

সেহেতু, আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' এবং 'পলায়ন (Desertion)' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। কেন আপনার বিরুদ্ধে বর্ণিত বিধি ৪ এর (৩) উপ-বিধির আওতায় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার যুক্তিসংগত জবাব এ বিধির ৭(১) (খ) ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগ বিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০১ (এক) ফর্দ

জনাব সুমিত্রা পাল
পিতা-সজল পাল
মাতা-অমিয় পাল
স্থায়ী ঠিকানা : গ্রাম- উত্তর হিন্দু পাড়া, ওয়ার্ড নং-০৭
ইউনিয়ন-খুরুশকুল, উপজেলা : কক্সবাজার সদর
জেলা : কক্সবাজার।



মুহম্মদ শাহীন ইমরান
জেলা প্রশাসক
কক্সবাজার
ফোন নম্বর-০২৩৩৪৪৬২২০০
e-mail:dccoxsazar@mopa.gov.bd

স্মারক নং-০৫.২০.২২০০.১০৮.০২.০০৭.২৩-৪৯৭

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর
- ✓ ০৩। সহকারী কমিশনার (শিক্ষা ও আইসিটি), কক্সবাজার (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ০৪। জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, কক্সবাজার
- ০৫। সম্পাদক, দৈনিক.....(তঁর বহল প্রচারিত দৈনিক পত্রিকার..... তারিখ ০১(এক) দিন ছাপানোর অনুরোধসহ)
- ০৫। অফিস কপি।


১৯/০৮/২০২৪
জেলা প্রশাসক
কক্সবাজার

অভিযোগ বিবরণী

আপনি জনাব সুমিত্রা পাল, উপ-প্রশাসনিক কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কক্সবাজার সদর বিগত ১৭.১২.২০২৩ খ্রি. তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর কর্তৃক অভিযোগ দাখিল করা হয়েছে। তৎপ্রেক্ষিতে নিয়োগকারী কর্তৃপক্ষ আপনাকে কারণ দর্শিয়ে নির্দিষ্ট সময়ান্তে জবাব দাখিলের জন্য আপনার স্থায়ী ঠিকানায় জেলা প্রশাসকের কার্যালয়ের সংস্থাপন শাখার স্মারক নং- ০৫.২০.২২০০.১০৮.০২.০০৭.২৩-৩১১, তারিখ : ৩০ এপ্রিল, ২০২৪ খ্রি. মূলে ডাকযোগে ও বার্তাবাহক মারফত পত্র প্রেরণ করলেও আপনি স্বয়ং তা গ্রহণ করেন নি এবং জবাবও দাখিল করেন নি।

যেহেতু, সরকারি কর্মচারী হিসেবে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ৬০ (ষাট) দিন বা তদুর্ধ্ব সময় কর্মস্থলে অনুপস্থিত থাকা 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর ২(খ) ও (চ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' এবং 'পলায়ন (Desertion)' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ ;

সেহেতু, জনাব সুমিত্রা পাল, উপ-প্রশাসনিক কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কক্সবাজার সদর-কে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' এবং 'পলায়ন (Desertion)' এর শাস্তিযোগ্য অপরাধে অভিযুক্ত করা হলো।



১২ ১০ ৮ ২০ ২ ৪

মুহম্মদ শাহীন ইমরান
জেলা প্রশাসক
কক্সবাজার